

## ইবিতে ছাত্ররাজনীতির ওপর নিষেধাজ্ঞা আরোপ

ইবি প্রতিনিধি

চলমান সংসদীয় রাজনৈতিক পরিবেশের মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষাক্ষেত্র পরিচালনা করার লক্ষ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ে সব প্রকার ছাত্ররাজনীতির ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রকাশনা ও জনসংযোগ শাখা থেকে এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ কথা জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা সামনে রেখে ও দেশের চলমান অস্থিতিশীলতার মধ্যেও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ সচল রাখার স্বার্থে ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ছাত্ররাজনীতির ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের তথ্য প্রকাশনা ও জনসংযোগ কর্মকর্তা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, বিশ্ববিদ্যালয়ে সব প্রকার নিঃসি, মিটিং, পিকেটিং, মানববন্ধনসহ সব প্রকার রাজনৈতিক কর্মকাণ্ড স্থগিত করা হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভেতরে বহিরাগতদের প্রবেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে।